

## জাতীয়

# গঙ্গার পানি নিয়ে ভারতের প্রতিনিধিদের নাম চেয়েছে বাংলাদেশ



প্রতিবেদক: alamin dhakaprobe

প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ০৮ অক্টোবর ২০২৬, ১২:১৩ PM



ভারতের সঙ্গে পানি সহযোগিতা বাড়াতে একটি কমিটি গঠন করেছে বাংলাদেশ। এই কমিটিতে আলোচনার জন্য ভারতীয় পক্ষের প্রতিনিধিদের নাম চাওয়া হয়েছে। গঙ্গার পানি বণ্টন চুক্তি নবায়নসহ পানি নিয়ে দুই দেশের মধ্যে সংলাপ এগিয়ে নিতে এ উদ্যোগ নেওয়া হয়েছে।

বৃহস্পতিবার ঢাকায় বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (বিআইআইএসএস) আয়োজিত পানির ভবিষ্যৎ নিয়ে নতুন ভাবনা: তরুণ নেতৃত্ব, ন্যায়বিচার ও সহযোগিতা শীর্ষক সেমিনারে এক প্রশ্নের জবাবে এ তথ্য জানান পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির।

হুমায়ুন কবির বলেন, ভারতের কাছ থেকে বাংলাদেশ পানির ন্যায্য হিস্যা চায়। পানি বণ্টনের বিষয়ে বাংলাদেশের পক্ষে আন্তর্জাতিক আইনের অবস্থান রয়েছে। পানি নিয়ে সহযোগিতা বাড়াতে দুই দেশের সংশ্লিষ্ট কর্মকর্তাদের মধ্যে কার্যকর যোগাযোগ ও সংলাপ প্রয়োজন।

প্রতিমন্ত্রী বলেন, এ লক্ষ্যেই বাংলাদেশ একটি কমিটি গঠন করেছে। ভারতীয় পক্ষের প্রতিনিধিদের নাম চাওয়া হয়েছে।

গঙ্গার পানি বণ্টন চুক্তির প্রসঙ্গে হুমায়ুন কবির বলেন, ভারতের কাছে প্রতিনিধিদের নাম চাওয়া হয়েছে। বাংলাদেশের প্রতিনিধিরা তাঁদের সঙ্গে সংলাপ ও আলোচনা শুরু করতে চান। এখন ভারতের জবাবের অপেক্ষা করতে হবে।

ভারতের কাছ থেকে ইতিবাচক সাড়া পাওয়ার বিষয়ে আশাবাদী হুমায়ুন কবির। তিনি বলেন, খুব শিগগির এ বিষয়ে জবাব পাওয়া যেতে পারে। এরপর দুই দেশের মধ্যে আলোচনা এগিয়ে নেওয়ার মাধ্যমে পরবর্তী দফার পানি চুক্তি নবায়নের পথ তৈরি হবে।

হুমায়ুন কবির বলেন, দুই দেশের নেতৃত্বের মধ্যে সহযোগিতার মানসিকতা থাকলে পানি নিয়ে আলোচনার মাধ্যমে বন্ধুত্বপূর্ণ সমাধান সম্ভব। কূটনীতি ও সংলাপের মাধ্যমেই এসব বিষয় সমাধান করতে হবে।

## এ বিভাগের আরও খবর



পানির ন্যায্য হিস্যা চায় বাংলাদেশ: হুমায়ুন কবির  
বাংলাদেশ ভারতের কাছে পানির ন্যায্য হিস্যা চায় বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির। তিনি বলেন, পানি বন্টনের ক্ষেত্রে অস্বজ্ঞাতি...



বাংলাদেশি পর্যটকদের জন্য ইন্দোনেশিয়ার অন-অ্যারাইভাল ভিসা চালুর আলোচনা  
বাংলাদেশ ও ইন্দোনেশিয়ার মধ্যে ভিসা ও ভ্রমণপ্রক্রিয়া সহজ করা, দ্বিপাক্ষীয় বাণিজ্য বাড়ানো এবং বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা জোরদার করার বিষয়ে আলোচন...



রামপালে ৪৪২ মেগাওয়াট সৌরবিদ্যুৎ প্রকল্পের অনুমোদন  
বাণেশ্বরহাটের রামপালে ৪৪২ মেগাওয়াট ক্ষমতার সৌরবিদ্যুৎ কেন্দ্র নির্মাণের অনুমোদন দিয়েছে সরকার। প্রকল্পটি বাস্তবায়নে ব্যয় ধরা হয়েছে ২ হাজার ৪৯৮ ক...



ফ্যাসিস্ট হাসিনার প্রত্যাৰ্পণ একটি আইনি প্রক্রিয়া: রণধীর জয়সওয়াল  
ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রত্যাৰ্পণকে একটি আইনি বিষয় হিসেবে বর্ণনা করেছেন ভারত। দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/national/gnggar-pani-niye-bharter-prtinidhider-nam-cheyechhe-bangladesh>